


গবাদিপশু ও হাঁস-মুরগির খামার রেজিস্ট্রেশন

খামার রেজিস্ট্রেশন কেন করবেন ?

- “পশুরোগ আইন -২০০৫” -এর ধারা ১৬ অনুসারে রেজিস্ট্রেশন ব্যতীত কোন ব্যক্তি বাণিজ্যিক উদ্দেশ্যে গবাদিপশু ও হাঁস- মুরগির খামার স্থাপন ও পরিচালনা করিতে পারিবেন না।
- সরকারী অনুদান / প্রনোদনা ইত্যাদি ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন।
- প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা যেমন : পরামর্শ, পরিদর্শন, প্রশিক্ষণ, টিকা প্রয়োগ ইত্যাদি ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন।

রেজিস্ট্রেশন এর প্রয়োজনীয় কাগজপত্র (প্রতিটি ০৬ কপি করে) :

- ১। প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন।
- ২। জাতীয় পরিচয়পত্র / জন্মনিবন্ধনের সত্যায়িত কপি।
- ৩। রেজিস্ট্রেশন ফি ও ভ্যাট জমার চালান। (মূল কপি)
- ৪। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত সনদ।
- ৫। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৬। খামারের হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- ৭। পরিবেশ সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৮। খামারের লে-আউট/নকশা।
- ৯। খামারসহ খামারীর ছবি।



খামার স্থাপন ও পরিচালনার শর্তাবলী : (“পশুরোগ আইন -২০০৬” -ধারা ১৮ অনুসারে)

- একটি বাণিজ্যিক খামার হতে আরেকটি বাণিজ্যিক খামারের দূরত্ব কমপক্ষে ২০০ মিটার হইতে হইবে।
- লোকালয়ের বাহিরে খামার স্থাপন করিতে হইবে।
- লোকালয়ে কোন প্রকার দুর্গন্ধ / অসুবিধা সৃষ্টি করিতে পারিবে না।
- খামারে দূষণমুক্ত পরিবেশ থাকিতে হইবে।
- আবাসিক বাড়ির ভিতর কোন বাণিজ্যিক খামার স্থাপন করা যাইবে না।
- খামার নিবন্ধনকৃত হইতে হইবে।
- মৃত বার্ড / খামারের বর্জ্য / লিটার ফেলার জন্য পিট/ কম্পোস্ট পিট বা আধুনিক ব্যবস্থা থাকিতে হইবে।

গবাদিপশু ও হাঁস-মুরগি খামার রেজিস্ট্রেশনের মেয়াদ এবং নবায়ন ফি (“পশুরোগ বিধিমালা ২০০৮” এর ১২(১) অনুসারে)

ক্রঃ নং	খামারের বিবরণ	হাঁস-মুরগি ও গবাদিপশুর সংখ্যা অনুসারে খামারের শ্রেণি	রেজিস্ট্রেশন ফি (টাকায়)	নবায়ন ফি (টাকায়)
			(এক বছরের জন্য)	(এক বছরের জন্য) (টাকায়)
১।	গাভীর খামার	এ শ্রেণি (৫১ বা তদুর্ধ্ব)	১০,০০০.০০	১৫০০.০০
		বি শ্রেণি (২১ থেকে ৫০ পর্যন্ত)	৫,০০০.০০	৭০০.০০
		সি শ্রেণি (১০ থেকে ২০ পর্যন্ত)	২,০০০.০০	৩০০.০০
২।	ছাগল খামার ও ভেড়ার খামার	এ শ্রেণি (৬১ বা তদুর্ধ্ব)	১,০০০.০০	২০০.০০
		বি শ্রেণি (৪১ থেকে ৬০ পর্যন্ত)	৮০০.০০	১৬০.০০
		সি শ্রেণি (২০ থেকে ৪০ পর্যন্ত)	৫০০.০০	১০০.০০
৩।	মুরগি জি.পি খামার	শ্রেণি নির্বিশেষ	৫০,০০০.০০	৮,০০০.০০
৪।	মুরগির প্যারেন্ট স্টক খামার	এ শ্রেণি (৫০০০১ বা তদুর্ধ্ব)	৪০,০০০.০০	৬,০০০.০০
		বি শ্রেণি (১০০০১ থেকে ৫০,০০০ পর্যন্ত)	২০,০০০.০০	৩,০০০.০০
		সি শ্রেণি (১,০০১ থেকে ১০,০০০ পর্যন্ত)	১০,০০০.০০	১,৫০০.০০
৫।	মুরগির খামার (লেয়ার)	এ শ্রেণি (২০০০১ বা তদুর্ধ্ব)	১৫,০০০.০০	২,৫০০.০০
		বি শ্রেণি (১০০০১ থেকে ২০,০০০ পর্যন্ত)	১০,০০০.০০	১,৫০০.০০
		সি শ্রেণি (১০০১ থেকে ১০,০০০ পর্যন্ত)	৫,০০০.০০	৭০০.০০
৬।	মুরগির খামার (ব্রয়লার)	এ শ্রেণি (২০০০১ বা তদুর্ধ্ব)	১০,০০০.০০	১,৫০০.০০
		বি শ্রেণি (১০০০১ থেকে ২০,০০০ পর্যন্ত)	৫,০০০.০০	৭০০.০০
		সি শ্রেণি (১০০১ থেকে ১০,০০০ পর্যন্ত)	২,৫০০.০০	৪০০.০০
৭।	হাঁসের খামার	এ শ্রেণি (৫০০১ বা তদুর্ধ্ব)	৫০০০.০০	৬০০.০০
		বি শ্রেণি (৩০০১ থেকে ৫০০০ পর্যন্ত)	৩০০০.০০	৪০০.০০
		সি শ্রেণি (১০০১ থেকে ৩০০০ পর্যন্ত)	১০০০.০০	১৫০.০০

রেজিস্ট্রেশন ফি, ভ্যাট জমার কোড সমূহ :

- গবাদিপশু : ১- ৪৪৪১-০০০০-২৩৩১
- হাঁস-মুরগি : ১- ৪৪৪১-০০০০-২৩৩৫
- ভ্যাট (১৫%) জমার কোড : ১- ১১৩৩-০০৪০-০৩১১



প্রচারে: প্রাণিসম্পদ বিভাগ, কুমিল্লা।

